# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৬২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৪. সূরাহ আল-ফালাক্ব ও সূরাহ আন-নাস সম্পর্কে

باب فِي الْمُعَوِّذَتَيْنِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي مُعَاوِيَةُ، عَنِ الْعَلاَءِ بْنِ الْحَارِثِ، عَنِ الْقَاسِمِ، مَوْلَى مُعَاوِيَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ : كُنْتُ أَقُودُ بِرَسُولِ اللَّهِ صلي الله عليه وسلم نَاقَتَهُ فِي السَّفَرِ فَقَالَ لِي " يَا عُقْبَةُ أَلاَ أُعَلِّمُكَ خَيْرَ سُورَتَيْنِ قُرِئَتَا " . فَعَلَّمَنِي (قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ) وَ (قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ) قَالَ : فَلَمْ يَرَنِي سُرِرْتُ بِهِمَا جِدًّا فَلَمَّا نَزَلَ لِصَلاَةِ الصُّبْحِ صَلَّى بِهِمَا صَلاَةَ الصُّبْحِ لِلنَّاسِ، فَلَمَّا فَرَغَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ الصَّلاَةِ الْتَفَتَ إِلَىَّ فَقَالَ " يَا عُقْبَةُ كَيْفَ رَأَيْتَ " .

ـ صحيح

বাংলা

১৪৬২। ’উক্ববাহ ইবনু ’আমির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি সফরকালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উষ্ট্রীর লাগাম ধরে টেনে নিয়ে যেতাম। একদা তিনি আমাকে বললেনঃ হে ’উক্ববাহ! আমি কি তোমাকে পঠিতব্য দু’টি সূরাহ শিক্ষা দিবো না? অতঃপর তিনি আমাকে সূরাহ ’কুল আ’ঊযু বিরব্বিল ফালাক্ব এবং কুল আ’ঊযু বিরব্বিন নাস’ শিখালেন। এতে তিনি আমাকে তেমন খুশী হতে দেখেননি। অতঃপর তিনি সালাতের জন্য অবতরণ করে লোকদেরকে নিয়ে ফজর সালাতে এ দু’টি সূরাহ পাঠ করলেন। সালাত শেষে রসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে লক্ষ্য করে বললেনঃ কেমন দেখলে, হে ’উক্ববাহ![1]

সহীহ।

## English

Narrated Uqbah ibn Amir:

I was driving the she-camel of the Messenger of Allah (ﷺ) during a journey. He said to me: Uqbah, should I not teach you two best surahs ever recited? He then taught me: "Say, I seek refuge in the Lord of the dawn," and "Say, I seek refuge in the Lord of men." He did not see me much pleased (by these two surahs).

When he alighted for prayer, he led the people in the morning prayer and recited them in prayer. When the Messenger of Allah (ﷺ) finished his prayer, he turned to me and said: O Uqbah, how did you see.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : আশ্রয় প্রার্থনা করা, হাঃ ৫৪৫১), আহমাদ (৪/১৪৪), ইবনু খুযাইমাহ (হাঃ ৫৩৪) কাসিম হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন